কালের কণ্ঠ

তারিখ ২৫ APR 2015
পৃষ্ঠা: ১ কলাম: ১

# শিক্ষায় বিশৃঙ্খলার মূলে সিটি করপোরেশনই

## যাচাই-বাছাই ছাড়াই দেওয়া হচ্ছে টিউটরিয়াল স্কুল ও কোচিং সেন্টারের নিবন্ধন ■ ঢাকার দুই সিটিতে বৈষম্য ■ মেয়র প্রার্থীদের ইশতেহারে শিক্ষার উন্নয়নে অঙ্গীকার নেই

**শরীফুল আলম সুমন ▷**

রাজধানীতে যত্রতত্র গড়ে উঠেছে কিন্ডারগার্টেন বা টিউটরিয়াল স্কুল ও কোচিং সেন্টার। আর এগুলোতে আদায় করা হচ্ছে উচ্চহারে মাসিক ফিসহ বিভিন্ন ধরনের চার্জ। নিয়ন্ত্রণহীন এসব স্কুল বা কোচিং সেন্টারের বিরুদ্ধে কোনো ধরনের ব্যবস্থা নিচ্ছে না শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং তাদের অধিদপ্তরগুলো। তাদের যুক্তি, 'এই টিউটরিয়াল বা কোচিং সেন্টারের নিবন্ধন আমরা দিই না।' তাহলে কারা এগুলোর নিবন্ধন দেয়? তদারকির দায়িত্বই বা কাদের?

খুঁজতে খুঁজতে গলদঘর্ম হয়ে শেষ পর্যন্ত পাওয়া গেল লোকাল গভর্নমেন্ট (সিটি করপোরেশন) অ্যামেনডেড অ্যাক্ট-২০০৯-এর তৃতীয় অধ্যায়। সেখানে টিউটরিয়াল স্কুল, কোচিং সেন্টার ইত্যাদি নিবন্ধীকরণের ব্যাপারে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। এই আইনের ১১১ ধারার (১) উপধারায় বলা হয়েছে, 'সিটি

▶▶ পৃষ্ঠা ৭ ক. ১